

# দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২

( ২০১২ সনের ১ নং আইন )

## দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিয়ন্ত্রণকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;  
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

### সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

- ১। (১) এই আইন দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।
- (২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে।

### সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে—

- (১) “দেওয়াল” অর্থ বাসস্থান, অফিস, আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসাকেন্দ্র, শিল্প কারখানা, দোকান বা অন্য কোন স্থাপনা, কাঁচা বা পাকা যাহাই হউক না কেন, এর বাহিরের ও ভিতরের দেওয়াল বা উহাদের সীমানা নির্ধারণকারী দেওয়াল বা বেড়া; এবং বৃক্ষ, বিদ্যুতের খুঁটি, খাম্বা, সড়ক দ্বীপ, সড়ক বিভাজক, ব্রীজ, কালভার্ট, সড়কের উপরিভাগ ও বাড়ির ছাদও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (২) “দেওয়াল লিখন” অর্থ প্রচার বা ভিন্নরূপ কোন উদ্দেশ্যে, যে কোন রং এর কালি বা চুন বা কেমিক্যাল দ্বারা, দেওয়াল বা যানবাহনে কোন লিখন, মুদ্রণ, ছাপচিত্র বা চিত্র অংকন করা;
- (৩) “পোস্টার” অর্থ কাগজ, কাপড়, রেঙ্কিন বা ইলেকট্রনিক মাধ্যমসহ অন্য যে কোন মাধ্যমে প্রস্তুতকৃত কোন প্রচারপত্র, প্রচারচিত্র, বিজ্ঞাপনপত্র, বিজ্ঞাপনচিত্র; এবং যে কোন ধরণের ব্যানার ও বিলবোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৪) “পোস্টার লাগানো” অর্থ প্রচার বা ভিন্নরূপ কোন উদ্দেশ্যে, দেওয়াল বা যানবাহনে, আঠা বা অন্য কোন পদার্থ দ্বারা পোস্টার সাঁটিয়া দেওয়া, লাগাইয়া দেওয়া, ঝুলাইয়া দেওয়া, টাঙ্গাইয়া দেওয়া বা স্থাপন করা;

- (৫) “ব্যক্তি” অর্থ কোন কোম্পানী, প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি, সংঘ, সংগঠন; এবং সংস্থাও, সংবিধিবদ্ধ হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে;
- (৬) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (৭) “যানবাহন” অর্থ স্থল, নৌ বা আকাশ পথে চলাচলকারী, চাকাযুক্ত বা চাকাবিহীন, যাত্রী বা মালামাল বহনকারী কোন পরিবহন;
- (৮) “সুবিধাভোগী” অর্থ এমন কোন ব্যক্তি, যাহার প্রয়োজনে বা স্বার্থে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো হয়;
- (৯) “স্থানীয় কর্তৃপক্ষ” অর্থ ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা এবং সিটি কর্পোরেশনসহ কোন আইনের অধীন কোন নির্দিষ্ট কার্যাদি সম্পাদনের জন্য প্রতিষ্ঠিত কোন কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান।

### দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিষিদ্ধ

৩। ধারা ৪ অনুযায়ী নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে না।

### দেওয়াল লিখন ও পোস্টার লাগাইবার স্থান নির্ধারণ

৪। এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কোন স্থানীয় কর্তৃপক্ষ দেওয়াল লিখন বা পোস্টার লাগাইবার জন্য প্রশাসনিক আদেশ দ্বারা স্থান নির্ধারণ করিয়া দিতে পারিবে এবং উক্তরূপে নির্ধারিত স্থানে দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে; তবে শর্ত থাকে যে, স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, উল্লিখিত নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে বিধি দ্বারা নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে এবং নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে, দেওয়াল লিখন বা পোস্টার লাগানো যাইবে।

### বিদ্যমান দেওয়াল লিখন বা পোস্টার সম্পর্কে ব্যবস্থা গ্রহণ, ইত্যাদি

৫। (১) এই আইন কার্যকর হইবার পর বিদ্যমান দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা অপসারণের জন্য সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সময়সীমা নির্ধারণ করিবে।

(২) উপ-ধারা (১) অনুযায়ী সময়সীমা নির্ধারণ করা হইলে, উক্তরূপ সময়সীমার মধ্যে, সংশ্লিষ্ট ব্যক্তি বা সুবিধাভোগীকে তাহার দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা অপসারণ করিতে হইবে।

(৩) উপ-ধারা (১) অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে, কোন দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলা না হইলে বা অপসারণ করা না হইলে, উক্ত সময়সীমা অতিবাহিত হইবার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষ, স্ব-উদ্যোগে, অননুমোদিত যে কোন দেওয়াল লিখন বা, ক্ষেত্রমত, পোস্টার মুছিয়া ফেলিতে বা